দামুড়হুদায় নবাগত ইউএনও কে ফুলের শুভেচ্ছা

দামুড়হুদায় নবাগত উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) রোকসানা মিতা কে ফুলের শুভেচ্ছা জানিয়েছেন দামুড়হুদা উপজেলা শিল্পকলা একাডেমির সদস্যবৃন্দ।

সোমবার সকাল সাড়ে ৯টার দিকে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে এই ফুলের শুভেচ্ছা প্রদান করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা শিল্পকলার সাবেক সভাপতি ইসমাইল হোসেন, আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজের অধ্যক্ষ কামাল উদ্দিন, শিল্পকলার সঙ্গীত শিক্ষক আসমত আলী বিশ্বাস, আক্কাস আলী, সদস্য আবুল কালাম, বশির আহাম্মেদ, আব্দুল আলিম, সাইদুর রহমান, মাহফুজুর রহমান জনি, আরিফ মাহমুদ প্রমূখ।

দামুড়হুদা জয়রামপুর রেল স্টেশনের পাশথেকে মাটি উত্তলন করে বিক্রয়

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর রেল স্টেশনের অদুরে রেললাইনের মাত্র ১০ থেকে ১২ ফুট পাশ থেকে মাটি উত্তলন করে বিভিন্ন স্থানে বিক্রির অভিযোগ উঠছে। প্রায় হাফ কিঃমিঃ জাইগা জুড়ে লম্বালম্বি করে ১০ থেকে ১২ ফুট গভীর খননের ফলে হুমকির মুখে পড়েছে রেললাইন।

সরজমিনে জানাগেছে, উপজেলার জয়রামপুর রেলস্টেশনের অদূরে মসজিদ সংলগ্ন জয়রামপুর টু দর্শনা রেল লাইনের মাত্র ১০ থেকে ১২ ফুট পাশ থেকেই জয়রামপুর স্টেশন পাড়ার আব্দুল মতিন মাওঃ এর ছেলে সাখাওয়াত

অবৈধ মাটি উত্তোলনকারী ভেকু মেশিন দিয়ে রেল লাইনের পাশ থেকে গভীর খনন করে প্রায় কোয়ার্টার কিঃমিঃ মাটি উত্তোলন করেছে এবং তা বিভিন্ন স্থানে বিক্রি করা হচ্ছে।

এবিষয়ে অভিযোগ তোলে স্থানীয় এলাকাবাসী। বেশ অনেক খানিক জায়গা জুড়ে প্রায় ১০থেকে ১২ ফুট গভীর করে মাটি উত্তলন করে তা স্থানীয় বিভিন্ন ইট ভাটা সহ বিভিন্ন স্থানে বিক্রি করছে। ১০ থেকে ১২ ফুট গভীর করে এ মাটি উত্তোলন করার ফলে হুমকির মুখে পড়েছে রেললাইন।

এবিষয়ে সাখাওয়াত এর সাথে যোগাযোগ করার জন্য তার বাড়ি গেলে তাকে পাওয়া যাইনি এবং তার মোবাইল ফোনটি বন্ধ পাওয়া যাই। জয়রামপুর গ্রামের স্থানীয় একজন সচেতন ব্যক্তি সৈয়দ বিন মোশারফ বলেন, যতদূর জেনেছি যে স্থান থেকে মাটি উত্তোলন করা হচ্ছে সেই স্থান মালিকানাধীন। কিন্তু তারপরও সরকারি স্থাপনার পাশ থেকে এত গভীর করে মাটি উত্তোলন করার ফলে বর্ষার মৌসুমে রেললাইন ক্ষতিগ্রস্ত বা ধসে যেতে পারে। সরকারি ভূমি আইনে আছে জমির কোন প্রকৃতি পরিবর্তন করা যাবে না, এবং নিজের জমিতেও যদি মাটি খনন বা গর্ত অথবা পুকুর খনন করা হয় সে ব্যাপারেও স্থানীয় উপজেলা প্রশাসন এবং জেলা প্রশাসক কার্যালয়ের অনুমতি নিতে হবে। তারা অনুমতি নিয়ে এই মাটি উত্তোলন করছে কিনা তা আমার জানা নেই, তবে সরকারিভাবে কখনো রেল লাইনের পাশ থেকে মাটি উত্তোলন করে ইটভাটায় বিক্রির জন্য অনুমতি দেবেন বলে আমার মনে হয় না।

নাম প্রকাশে অনিচ্ছুক জয়রামপুর স্টেশন পাড়ার জৈনক ব্যক্তি বলেন, জমি মালিকানাধীন এটা সত্যি, কিন্তু তাই বলে রেললাইনের পাশ থেকে মাটি তুলে তা ইট ভাটায় বিক্রি করবে এটা মোটেই ঠিক না। এটা কোন দেশ প্রেমের মধ্যে পড়ে না,রেল লাইন দেশের জাতীয় সম্পদ, ইচ্ছা করে রেললাইন ধ্বংসের পরিকল্পিত পায়তারা বলে আমি মনে করি। রেললাইনের পাশ থেকে মাটি তুলে বিক্রি করতে হবে এটা কোন ধরনের কথা। এটা সম্পূর্ণ বেআইনি।

উপজেলার হাউলী ইউনিয়ন ভূমি অফিসের সহকারী কর্মকর্তা রকিবুল ইসলাম বলেন, শুনেছি রেললাইনের পাশ থেকে মাটি উত্তোলন করছে কিন্তু এটা তো আমাদের দপ্তরের বিষয় নয়। এটা রেলওয়ের বিষয়। শুনেছি জিআরপি পুলিশ এসেছিল তারপরে কি হয়েছে আমি জানিনা, আমাকে কেউ কিছু জানায়নি।

হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন বলেন,

রেললাইনের পাশ থেকে কারা মাটি খনন করে বিক্রয় করছে সে বিষয়ে আমি কিছু জানিনা এবং আমাকে এবিষয়ে কেউ কিছু জানাইনি।

এবিষয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা বলেন, বিষয়টি আমি দেখছি, সরজমিনে তদন্ত পূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

দামুড়হুদার কার্পাসডাঙ্গা ইউপি সদস্যের বিরুদ্ধে ফেসবুকে অপপ্রচার

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের মহিলা প্যানেল চেয়ারম্যান দেলোয়ারা খাতুনের বিরুদ্ধে একটি ফেসবুক আইডি থেকে মিথ্যা কুৎসা রটনার অভিযোগ উঠেছে।

জানা গেছে সোমবার অজানা অতিথি নামের ফেসবুকে একটি ফেক আইডি খুলে তাতে কার্পাসডাঙ্গা ইউপির প্যানেল চেয়ারম্যান ৫,৮,৯ সংরক্ষিত আসনের মহিলা মেম্বার দেলোয়ারা খাতুনের ছবি ব্যাবহার করে তার বিরুদ্ধে আপত্তিকর মিথ্যা বানোয়াট অভিযোগ তুলে অপ্রচার করা হয়েছে।

দোলোয়ারা মেম্বার জানান আমি বিষয়টি দেখার পরে আমার পরিষদের চেয়ারম্যান সাহেব ও মেম্বারগনকে অবহিত করেছি। সেই সাথে আমি একটা কথা বলতে চাই আমার বিরুদ্ধে ফেসবুক আইডিতে যা লেখা হয়েছে তা আমার সম্মানহানী ও সমাজে হেয়প্রতিপন্ন করা হয়েছে।আমার জনপ্রিয়তায় ঈর্ষানিত হয়ে সেই কুলাঙ্গার আমার বিরুদ্ধে আজেবাজে পোস্ট করছে।দেলোয়ারা মেম্বার ওই আইডির নামে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা সহ থানায় অভিযোগের প্রস্তুতি নিচ্ছেন। আমার যে সম্মানহানী করেছে তার কোন ছাড় নেই।

এ বিষয়ে কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আঃকরিম বিশ্বাসের সাথে কথা বললে তিনি জানান আমার পরিষদের মেম্বারের নামে মিথ্যা

অপপ্রচার করা হবে মানহানী করা সেটা আমি কোনভাবেই মেনে নেবোনা।আমি দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) সাহেবের সাথে কথা বলে আইনগত যা যা ব্যাবস্থা নেবার তা নেবো।

এ বিষয়ে কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির ইনচার্জ এস আই ইমরানের সাথে কথা বললে তিনি জানান দেলোয়ারা মেম্বার আমার কাছে এসেছিলো আমি থানায় জিডি করার পরামর্শ দিয়েছি। জিডি করলে তার তদন্তে এর মূল হোতা বেরিয়ে আসবে।

দামুড়হুদা লোকনাথপুরে ট্রাক-ইজিবাইক মুখোমুখি সংঘর্ষ, শিশুসহ আহত-৫

দামুড়হুদা উপজেলার লোকনাথপুরে ট্রাক ও ইজিবাইক মুখোমুখি সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে ইজিবাইকে থাকা শিশুসহ পাচ যাত্রী গুরুতর আহত হয়েছে।

আহতরা হলেন, দামুড়হুদা উপজেলার দর্শনা পৌর এলাকার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের মৃত. জালাল উদ্দিনের ছেলে (ইজিবাইক চালক) সাইফুল ইসলাম (৩৭), দামুড়হুদার রুদ্রনগর গ্রামের জমির উদ্দিনের স্ত্রী শুকতারা বেগম (৪০), কাদিপুর গ্রামের মৃত. আলী হোসেনের ছেলে রোকন (৩০), রোকনের ছেলে রুহিন (৫) ও একই উপজেলার গোবিন্দপুর গ্রামের আমিরুল ইসলামের ছেলে জিহাদ আলী (১৮)।

রবিবার বিকাল সাড়ে ৩ টার দিকে তাদেরকে উদ্ধার করে প্রথমে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া তিনজনকে ভর্তি করে অপর দুইজন ব্যক্তিকে গুরুত্বর আহত হওয়ায় উন্নত চিকিৎসার জন্য কর্তব্যরত চিকিৎসক ডঃ মখলেছুর রহমান তাদেরকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে রেফার্ড করেন।

স্থানীয়রা সূত্রে জানা যায়, দামুড়হুদা থেকে ইজিবাইকে কয়েকজন যাত্রী নিয়ে নিজ কাজের জন্য দর্শনায় যাচ্ছিল। এই সময় লোকনাথপুর

বাজারে পৌছালে বিপরীত থেকে আসা (যার নং কুষ্টিয়া -ট ১১-০২৮০) একটি ট্রাক এসে ইজি বাইকের সামনাসামনে ধাক্কা মারে । এতে ইজিবাইক চালক সহ যাত্রীরা ছিটকে পাকা রাস্তায় পড়ে গুরুতর আহত হয়। খবর পেয়ে দর্শনা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মীরা তাদের উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। কর্তব্যরত চিকিৎসক উন্নত চিকিৎসার জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে রেফার্ড করেন। ট্রাক ড্রাইভার ঘটনাস্থল থেকে পালিয়ে গেলেও ট্রাকটি দামুড়হুদা মডেল থানা হেফাজতে নেন পুলিশ।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ বলেন, দূরঘটনার খবর পেয়ে আমরা ঘটনাস্থানে যায়,আহত ৫ জনকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে রের্ফাড করা হয়েছে।ট্রাকটি আমাদের হেফাজতে রয়েছে।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগে কর্তব্যরত চিকিৎসক নূর জাহান রুমি বলেন, তাদের শারীরিক অবস্থা শঙ্কামুক্ত কিনা এখনি বলা সম্ভব নয়। প্রাথমিক চিকিৎসা শেষে ভর্তি করা হয়েছে। সার্জারি কনসালটেন্ট চিকিৎসক পরবর্তী চিকিৎসা দেবেন। ২৪ ঘন্টা না যাওয়া পর্যন্ত কিছু বলা যাচ্ছে না।

দামুড়হুদায় ডায়াবেটিক সমিতির ত্রি বার্ষিক সম্নেলন

দামুড়হুদা ডায়াবেটিক সমিতির ত্রি বার্ষিক সাধারণ সভা ও নির্বাচন ২০২৩-২০২৫ অনুষ্টিত হয়েছে।

এ ডায়াবেটিক সমতির সভাপতি হয়েছেন মাহাফুজুর রহমান মনজু সাধারন সম্পাদক নির্বাচিত হয়েছেন ফজলুর রহমান।

শনিবার বেলা ১২ টার দিকে দামুড়হুদা উপজেলার অডিটোরিয়াম হল রুমে ডায়াবেটিক সমতির ত্রি বার্ষিক ও সাধারন সভা নির্বাচন অনুষ্টিত হয়।

এ সভায় চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহাফুজুর রহমান মনজুর সভাপতিত্বে,আলোচনা করেনএ্যাড ভোকেট আবু তালেব,দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ এখলাছ উদ্দীন সুজন, সোহেল আকরাম, কামাল উদ্দিন।

দামুড়হুদা ডায়াবেটিক সমিতির ১২ সদস্যর এ কমিটি গঠন করে।তারা হলেন সহ সভাপতি হাজী শহীদুল ইসলাম,যুগ্ন সাধারন সম্পাদক এখলাছ উদ্দিন সুজন,রফিকুল ইসলাম তনু,কোষাধাক্য সোহেল আকরাম,যুগ্ন,কোষাধাক্য আঃ কাদির,সদস্য জহিরুল ইসলাম, আবুল কাশেম,আজাদ হোসেন, আজিবর রহমান প্রমুখ।

দামুড়হুদায় জাকের পার্টির ছাত্রফ্রন্টের কেন্দ্রীয় দাওয়াতী মিশন অনুষ্ঠিত

বিশ্বওলী খাজা বাবা ফরিদপুরী মহা পবিত্র বিশ্ব উরস শরীফ -২০২৩ বিশ্ব ইসলামী মহাসম্মেলন উপলক্ষে শনিবার বিকাল ৩ টার দিকে কার্পাসডাঙ্গা হাইস্কুল রুমে জেলা ছাত্রফ্রন্টের আয়োজনে দাওয়াতী মিশন অনুষ্ঠিত হয়েছে।

জেলা ছাত্রফ্রন্টের সভাপতি আজগর আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় ছাত্রফন্ট্রের সাংগঠনিক সম্পাদক মিশন প্রধান ফয়জুল বারী।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন যুগ্ম মিশন প্রধান ছাত্রফ্রন্টের যুগ্ম সাধারন সম্পাদক জিয়াউর রহমান,কেন্দ্রীয় ছাত্রফ্রন্টের প্রযুক্তি সম্পাদক রহুল কুদ্দস।জেলা যুব ফ্রন্টের সাংগঠনিক সম্পাদক আঃমজিদ।

চুয়াডাঙ্গা সরকারী কলেজ ছাত্রফ্রন্টের সভাপতি শাহরিয়ার আলমের সঞ্চালনায় এসময় আরো উপস্থিত ছিলেন জাকের পার্টির দামুড়হুদা থানা ছাত্রফ্রন্টের সভাপতি আনিসুর রহমান, সাধারন সম্পাদক আঃ হাই,

জীবনগর থানা ছাত্রফ্রন্টের সভাপতি কবির, দামুড়হুদা থানা ছাত্রফ্রন্টের সাধারন সম্পাদক আরিফ, চুয়াডাঙ্গা সদর থানা ছাত্রফ্রন্টের সাধারন সম্পাদক শাওন সহ বিভিন্ন ইউনিয়নের নেতৃবৃন্দ।

দামুড়হুদায় বসন্তের আগমনে গাছে গাছে শোভা পাচ্ছে আমের সোনালী মুকুল

দামুড়হুদা উপজেলায় বসন্তের সাথে সাথে আম গাছগুলোতে দেখা মিলছে প্রচুর আমের মুকুল ৷ মুকুলের মৌ- মৌ গন্ধে মুখরিত দামুড়হুদা উপজেলার গ্রাম – গন্জ। মুকুল থেকে চলছে মৌমাছির মধু সংগ্রহের উৎসব ৷

উপজেলার সদর সহ সকল গ্রামের আম গাছগুলতে মুকুলে ভরপুর। উপজেলার আম গাছে উঁকি দিচ্ছে আমের মুকুল। বাতাসে মুকুলের মৌ মৌ সুবাস বইছে। গাছে গাছে এখন আমের মুকুল শোভা পাচ্ছে। মুকুল গুলো যেনো নষ্ট না হয় সেজন্য ইতোমধ্যে বাগান মালিকরা বাগান পরিচর্যার ব্যস্ত সময় পার করছেন।শোনা যাচ্ছে কোকিলের মিষ্টি সুরের কুহু কুহু ডাক আর মৌমাছির গুণ গুণ গানের গুঞ্জন। মুকুলের মিষ্টি ঘ্রাণ যেন জাদুর মতো কাছে টানছে তাদের। গাছের প্রতিটি শাখা- প্রশাখায় চলছে ভ্রমরের সুর ব্যঞ্জনা। বসন্তের স্নিগ্ধতার মাঝেও শোভা ছড়াচ্ছে স্বর্ণালি মুকুল।উপজেলার বিভিন্ন গ্রাম ঘুরে দেখা গেছে, বাগান সহ কিছু কিছু বাড়ির উঠানে আম গাছে শোভা পাচ্ছে মুকুল। বাতাসে মুকুলের সুবাসিত পাগল করা ঘ্রাণ।

গাছের আমপাতার সবুজ বিছানায় মুকুলের সোনালি রেণু যেন ফুলশয্যা সাজিয়েছে ফাগুনকে। সেই সঙ্গে বিদায় নিচ্ছে শীতকাল। তবে আবহাওয়ার ওপর আমের ফলন নির্ভর করে। আবহাওয়া অনুকূলে থাকলে এ বছর আমের ফলন ভালো হবে বলে মনে করছেন আম চাষিরা।

বাগান মালিকরা জানান, আগাম মুকুল দেখার পর তারা অনেক খুশি। এই

মুকুল টিকে থাকলে এবার আমের বাম্পার ফলন পাওয়া যাবে। তবে ঘন কুয়াশা থাকলে মুকুল পচে নষ্ট হয়ে যাওয়ার আশঙ্কা থাকে।

দামুড়হুদার জয়রামপুর মল্লিক পাড়ার আম ব্যবসায়ী কাওছার আলী বলেন , গতবছর ১২ বিঘা জমিতে আম বাগান ছিলো যা ঝড়ের কারণে ব্যাপক ক্ষতি হয়,তাতে করে আমি গত বছর মোটা অংকে লচে ছিলাম। এ বছর লাভের আশায় গত বছরের ক্ষতি পুষিয়ে দিতে ৬ দাগে ১৭ বিঘাা জমির আম বাগান নিয়েছি। বর্তমানে আম গাছে যাতে কনো পোকার আক্রমণ বা মুকুল নষ্ট না হয় সেজন্য ঔষধ দিয়ে পরিচর্যা করছি। মুকুলের পরিমাণ মোটামুটি ভালো আছে ৷ আবহাওয়া শেষ পর্যন্ত ভালো থাকলে এ বছরে গত বছরের ক্ষতি পুষিয়ে লাভবান হতে পারবো।

দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা জানান, আমরা সবসময় আম চাষীদের সকল ধরণের পরামর্শ দিয়ে সহযোগীতা করছি ৷ প্রয়োজনে আমরা সবসময় তাদের পাশে আছি। এবছরে উপজেলাতে ৭৯৫ হেক্টর জমিতে আম চাষ হয়েছে।

দামুড়হুদায় ৬ বিজিবি’র অভিয়ানে হুন্ডি বাংলাদেশীর ৫০ লাখ টাকা উদ্ধার

চুযাডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার মুন্সিপুর- কুতুবপুর সীমান্তে ৬ বিজিবি চোরাচালানী বিরোধী অভিযান চালিয়ে বাংলাদেশী হুন্ডির প্রায় ৫০ লাখ টাকা আটক করেছে। তবে এঘটনায় আটক করতে পারেনী কোন চোরাচালানীকে। টাকা উদ্ধারের ঘটনায় দামুড়হুদা মডেল থানায় একটি মামলা হয়েছে।

জানাগেছে গতকাল (১৬ জানুয়ারী) সোমবার রাত সাড়ে ৭ টার দিকে মুন্সিপুর সীমান্ত ফাঁড়ি ৬ বিজিবি চোরাচালান বিরোধী অভিযান চালায় মুন্সিপুর সীমান্তের এমপি ঘাট মোড়ে।

এ সময় মুন্সিপুর সীমান্ত ফাঁড়ির মুন্সিপুর বিওপি কমান্ডার নায়েব সুবেদার আলা উদ্দিন এর নেতৃত্বে নিয়মিত রাত্রীকালীন সশস্ত্র টহল

দল সীমান্তে টহল পরিচালনা করতে থাকে।মুন্সিপুর সীমান্তের মেইন পিলার ৯৩ হতে ৫০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে মুন্সিপুর গ্রামের এমপির ঘাট নদীর পাড় নামক স্থানে এ্যাম্বুশ করে।সেখান থেকে দুই জন চোরাচালানী প্লাষ্টিকের ব্যাগ বহন করে ভারত হতে বাংলাদেশে আগমন করছে।

এ সময় বিজিবি’র উপস্থিতি টের পেয়ে ব্যাগ ফেলে পালিয়ে যায়। ৬ বিজিবি’র ক্যাম্প কমন্ডার নায়েব সুবেদার আলা উদ্দীন ব্যাগ খুলে বাংলাদেশী হুন্ডির ৫০ লাখ টাকা উদ্ধার করে।

এ ঘটনায় ৬ বিজিবির পরিচালক শাহ মোঃ ইশতিয়াক, বলেন উদ্ধার হওয়া টাকা চুয়াডঙ্গা ট্রেজারি অফিসে জমা করা হয়েছে।দামুড়হুদা থানায় অজ্ঞাত দুজনের বিরুদ্ধে মামলা হয়েছে।এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ জানান এ ঘটনায় আমার থানায় কোন মামলা হয়নি।

দামুড়হুদায় বিএনপির বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত

দামুড়হুদায় বিএনপির বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সোমবার বিকাল ৪টার দিকে দামুড়হুদা উপজেলা বিএনপির দলীয় কার্যালয়ে ঘরোয়াভাবে এই বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা বিএনপির আয়োজনে সমাবেশে সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির। প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা কৃষক দলের আহ্বায়ক ও জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য মোকাররম হোসেন, বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সিনিয়র সহসভাপতি আঃওয়াহেদ, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

দামুড়হুদা উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাশেমের সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির যুগ্ন সাধারণ সম্পাদক মন্টু মিয়া, দামুড়হুদা ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর

রহিম, জুড়ানপুর ইউনিয়ন বিএনপির সভাপতি ঈদ্রীস আলী, নাটুদহ ইউনিয়ন বিএনপির সভাপতি সামসুল আলম, নতিপোতা ইউনিয়ন বিএনপির সভাপতি মাসুদ রানা, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী।

সমাবেশের শুরুতে পবিত্র কোরআন তেলোয়াত করেন নতিপোতা ইউনিয়ন বিএনপির সহসভাপতি আঃরাজ্জাক।

স্বাগত বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা যুবদলের অন্যতম নেতা জহিরুল ইসলাম রিপন। এসময় আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা যুবদল নেতা শামসুজ্জোহা পলাশ, তোতাম আলী, ইকরামুল হোসেন, উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আরিফ, যুবদল নেতা মাহফুজুর রহমান জনি, সহ অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

দামুড়হুদায় বীর মুক্তিযোদ্ধা আবু বক্কর শেখের রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

দামুড়হুদায় ইব্রাহীমপুর গ্রামের বীর মুক্তিযোদ্ধা আবু বক্কর শেখ ইন্তেকাল করেছেন। তাকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়েছে।

সোমবার বিকাল ৪ টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে ইব্রাহিমপুর স্কুল মাঠে গার্ড অব অর্নার প্রদান এর মাধ্যমে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়। বীর মুক্তিযোদ্ধা আবু বক্কর শেখ উপজেলার জুড়ানপুর ইউনিয়নের ইব্রাহিমপুর স্কুল পাড়ার মৃত আফসার শেখ এর ছেলে।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম। দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ। স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ সহ গ্রামবাসী উপস্থিত ছিলেন। বীর মুক্তিযোদ্ধা আবু বক্কর শেখ ইন্তেকাল করেছেন এমন খবর শুনে দামুড়হুদা উপজেলা প্রশাসন দ্রুত সময়ের মধ্যে দামুড়হুদা মডেল থানা পুলিশের একটি চৌকস টিমের মাধ্যমে গার্ড অব অর্নার প্রদান করেন

[illegible]